

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৪৪

২৩/ মানত ও কসম (ﷺ الندور والأيمان عن رسول الله) পরিচ্ছেদঃ মানত করা পছন্দনীয় নয়।

باب فِي كَرَاهِيَةِ النَّدْرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنِ الْعَلاَءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ النَّهِ صلى الله عليه وسلم " لاَ تَنْذِرُوا فَإِنَّ النَّذْرَ لاَ يُغْنِي مِنَ الْبَخِيلِ ". قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ. قَالَ أَبُو الْقَدَرِ شَيْئًا وَإِنَّمَا يُسْتَخْرَجُ بِهِ مِنَ الْبَخِيلِ ". قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثُ حَسَنٌ. وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ عِيسَى حَديثُ أَبِي هُرَيْرَةَ حَديثُ حَسَنٌ. وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ كَرِهُوا النَّذْرَ. وقَالَ عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ مَعْنَى الْكَرَاهِيَةِ فِي النَّذْرِ فِي الطَّاعَةِ وَالْمَعْصِيَةِ وَإِنْ نَذَرَ الرَّجُلُ بِالطَّاعَةِ فَوَقَى بِهِ فَلَهُ فِيهِ مَعْنَى الْكَرَاهِيَةِ فِي النَّذْرُ فِي الطَّاعَةِ وَالْمَعْصِيَةِ وَإِنْ نَذَرَ الرَّجُلُ بِالطَّاعَةِ فَوَقَى بِهِ فَلَهُ فِيهِ أَجُرٌ وَيُكْرَهُ لَهُ النَّذُرُ .

বাংলা

১৫৪৪। কুতায়বা (রহঃ) ... আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা মানত করবে না। কেননা, মানত তাকদীরে নির্ধারিত কোন বিষয়ে কিছুমাত্র উপকার দিতে পারে না। এর দ্বারা বখীলের কাছ থেকে কিছ বের করে নেওয়া হয় মাত্র।

সহীহ, ইবনু মাজাহ ২১২৩, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৩৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণিত আছে। আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। কতক সাহাবী ও অপরাপর আলিম এতদনুসারে আমল করেছেন। তারা মানত করা অপছন্দনীয় বলে মত প্রকাশ করেছেন। আবদুল্লাহ ইবনু মুবারক বলেন, ফরমাবরদারীর কাজে হোক বা না ফরমানীর কাজে মানত করা সর্বাবস্থায় অপছন্দনীয়। কেউ যদি কোন পরমাবরদারী ও নেক কাজে মানত করে আর তা সে পূরণ করে তবে তার জন্য ছওয়াব হবে বটে কিন্তু মানত করা হবে মাকরহ।

English



Narrated Abu Hurairah:

That the Messenger of Allah () said: "Do not vow, for the vows does not prevent what is decreed at all, and it only causes the miser to spend (of his wealth)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন